ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



মেয়ের জন্য যে সিদ্ধান্ত নিলেন দীপিকা

পৃঃ ৫



টাইগারদের নিয়ে যা বললেন সৌরভ

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৫৯ ● কলকাতা ● ০৫ আশ্বিন, ১৪৩১ ● রবিবার ● ২২ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# গৃহযুদ্ধে অগ্নিগর্ভ পার্বত্য চট্টগ্রাম, হতাহত বহু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি ভয়াবহ। স্থানীয়দের বক্তব্য, পার্বত্য এলাকার তিন জেলায় গৃহযুদ্ধ বেঁধেছে। বাসিন্দাদের দুই সম্প্রদায়ের মধ্যে সংঘর্ষে বহু মানুষ হতাহত হয়েছে। বিবদমান দুই শিবিরই অভিযোগ করছে, প্রশাসন মৃত ও আহতদের প্রকৃত সংখ্যা চেপে যাচ্ছে।এর আগে রাঙামাটিতে বেলা ১১'টা থেকে ১'টা পর্যন্ত দু-পক্ষের তুমুল সংঘর্ষ চলে। তাতে একজন মারা যায়। মৃতের নাম-পরিচয় জানা যায়নি। তবে সে পাহাড়িয়া বা আদিবাসী সম্প্রদায়ের মানুষ। সংঘর্ষে দু-পক্ষের মোট ৫৫ জন আহত হয়। বেশিরভাগের শরীরে গুলি লেগেছে। স্থানীয় সুত্রে জানা গিয়েছে, বড় ঘটনাগুলি সংবাদমাধ্যমে খবর হলেও গোটা পার্বত্য এলাকায় সংঘর্ষের অনেকগুলি ঘটনা ঘটেছে।শুক্রবার সন্ধ্যায় বাংলাদেশ সেনাবাহিনীর প্রেস উইং আইএসপিআর বা আন্ত বাহিনী জনসংযোগ দপ্তর লম্বা বিবৃতি দিয়ে আশঙ্কা প্রকাশ করেছে, তিন পার্বত্য জেলায় চলমান সংঘর্ষ বড় দাঙ্গার রূপ নিতে পারে। বিবৃতিতে সেখানকার ভয়াবহ পরিস্থিতির ছবিও তুলে ধরেছে সেনা সদর। জানা গিয়েছে, প্রাণ ভয়ে হাজার হাজার মানুষ এলাকা ছাড়ছেন। অনেকেই ভারতের ত্রিপুরা ও মিজোরাম সীমান্তে ভিড় জমিয়েছে।

পরিস্থিতি সামাল দিয়ে পার্বত্য চট্টগ্রামের তিন জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি বান্দারবনের মধ্যে প্রথম দুটিতে ১৪৪ ধারা জারি করা হয়েছে। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার অফিস থেকে বিবৃতি দিয়ে বলা হয়েছে সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে সচেষ্ট আছে। সবাইকে শান্ত থাকার অনুরোধ জানিয়ে বিবৃতি দিয়েছেন প্রধান

এরপর ৩ পাতায়

## ভিআইপি'দের বিঁধে

# সরব তসলিমা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশের সাতক্ষীরায় বিশেষভাবে সক্ষম এক তরুণীকে হাতুড়ি দিয়ে পিটিয়ে মারার অভিযোগ উঠেছে। রাস্তা দিয়ে জোরে গান বাজিয়ে যাওয়াই নাকি ছিল তাঁর অপরাধ। এই ঘটনার প্রতিবাদে সরব হলেন সাহিত্যিক তসলিমা নাসরিন। বাংলাদেশ থেকে নির্বাসিত বিতর্কিত এই লেখিকা গোটা ঘটনা সোশাল মিডিয়ায় তুলে ধরেছেন।ঘটনার দিন রজিনা রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়তেই স্থানীয়রা ধরে ফেলে অভিযুক্ত ইলিয়াসকে। তাকে আটক করে মারধর করা হয়। পরে র‍্যাব-৬ সাতক্ষীরা ক্যাম্পে খবর দেন স্থানীয়রা। র‍্যাব সদস্যরা ঘটনাস্থল এসে ইলিয়াস ও তার বাবা একরামুল হোসেন-সহ পাঁচজনকে আটক করে। স্থানীয়রা জানান, রজিনা প্রায় বাড়ির সামনে দিয়ে গান বাজাতে বাজতে যেতেন। গান না বাজানোর জন্য বললে তিনি

এরপর ৩ পাতায়

# দিল্লির মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন অতিশী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার স্থানীয় সময় বিকেল সাড়ে চারটায় দিল্লির মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন আম আদমি পার্টির অতিশী মারলেনা। দিল্লির লেফেটন্যান্ট গভর্নর (উপরাজ্যপাল) ভিকে সাক্সেনার সরকারি বাসভবন 'রাজ নিবাসে' অতিশীর সঙ্গে মন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন আরও পাঁচ আম আদমি বিধায়ক সৌরভ ভরদ্বাজ, গোপাল রাই, কৈলাস গহলৌত, মুকেশ অহলাওত এবং ইমরান হুসেন।

অতিশীর শপথে হাজির ছিলেন আম আদমি প্রধান অরবিন্দ কেজরিওয়াল। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গের মমতা বন্দ্যোপাধ্যায়ের পরে অতিশী হলেন এই মুহূর্তে দেশের দ্বিতীয় নারী মুখ্যমন্ত্রী। কেন্দ্রশাসিত অঞ্চল দিল্লিতে এর আগে মুখ্যমন্ত্রী হয়েছেন দুই জন বিজেপির সুষমা স্বরাজ এবং কংগ্রেসের শীলা দীক্ষিত। কেজরিওয়াল মঙ্গলবার সন্ধ্যায় লেফটেন্যান্ট গভর্নর সাক্সেনার সঙ্গে দেখা করে নিজের ইস্তফাপত্র তুলে দিয়েছিলেন। তার সঙ্গেই 'রাজ নিবাসে' গিয়ে দিল্লিতে নতুন সরকার গড়ার দাবি জানিয়েছিলেন অতিশী।

তার আগে মঙ্গলবার দুপুরে আপ পরিষদীয়দলের বৈঠকে কেজরির প্রস্তাব মেনে সর্বসম্মতিক্রমে অতিশীকে নেতা নির্বাচিত করা হয়েছিল। প্রসঙ্গত, গত ২১ মার্চ দিল্লির আবগারি দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেফতার হওয়ার পরেও মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেননি কেজরিওয়াল। তিনিই দেশের প্রথম মুখ্যমন্ত্রী, যিনি গ্রেফতার হওয়ার পরেও মুখ্যমন্ত্রী ছিলেন। কিন্তু জামিনে মুক্তি পাওয়ার পরে আপ প্রধান গত শনিবার (১৪ সেপ্টেম্বর) ঘোষণা করেন, তিনি মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দেবেন। পরের দিন দুপুরে দলীয় এক সম্মেলনে তিনি জানান, দু'দিন পরেই মুখ্যমন্ত্রী পদ ছেড়ে দেবেন তিনি। সঙ্গে এ-ও জানান, পুনরায় ভোটে না জেতা পর্যন্ত মুখ্যমন্ত্রীর পদে তিনি আর ফিরবেন না।






## বন্যায় নষ্ট ২ লক্ষ হেক্টর জমির ধান,

# ক্ষতিগ্রস্থ কৃষকেরা পাবেন বাংলার শস্যবিমার সুবিধা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যকে না জানিয়ে জল ছাড়ার অভিযোগ উঠেছে ডিভিসির বিরুদ্ধে। তাতে প্লাবিত হয়েছে রাজ্যের ১২টি জেলা। সেই সূত্রেই জানা গিয়েছিল রাজ্যের প্রায় ৫০ লক্ষ মানুষ বন্যার প্রকোপে পড়েছেন। সেই সঙ্গে কয়েকশো কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষতির সম্ভাবনা ছিল কৃষির ক্ষেত্রেও।জানা গিয়েছে, বন্যায় প্রত্যেক ক্ষতিগ্রস্ত কৃষকের নাম নথিভুক্তির ক্ষেত্রে যাতে কোনও অসুবিধা না হয় তার জন্য দক্ষিণবঙ্গের বন্যা কবলিত ১২টি জেলায় সর্বাধিক সংখ্যক ক্যাম্প করার লক্ষ্য নিয়েছে কৃষি দফতর। ব্যাপক পরিমাণে ধানচাষ নষ্ট হওয়ায় বিকল্প চাষ নিশ্চিত করার লক্ষ্যেও পদক্ষেপ করছে কৃষি দফতর। আর তাই রবি মরশুমে বিকল্প চাষের জন্য ১৫ অক্টোবরের মধ্যে সর্ষে এবং ডাল বীজ কৃষকদের মধ্যে বিতরণের কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। অন্যদিকে, বন্যার কারণে সব্জি চাষেরও ব্যাপক ক্ষতি হয়েছে। এক্ষেত্রেও ক্ষতিগ্রস্ত চাষিদের পাশে দাঁড়াতেও রাজ্যের তরফে সবরকম পদক্ষেপ করা হচ্ছে বলেও সূত্রের খবর। যারা বাংলা শস্য বিমার আওতায় নেই, সেই সব সবজি চাষীদেরও বিমার আওতায় নিয়ে আসা হচ্ছে।এখন জানা যাচ্ছে, বন্যার জেরে দক্ষিণবঙ্গে প্রায় ২ লক্ষ হেক্টর জমির ধান নষ্ট হয়েছে। এমনই প্রাথমিক রিপোর্ট পেয়েছে রাজ্য সরকার। তবে নির্দিষ্ট চিত্র পেতে জল নামা পর্যন্ত অপেক্ষা করবে রাজ্য প্রশাসন। বন্যাকবলিত এলাকা

এরপর ৩ পাতায়

## কাশ্মীরে ভোটের ডিউটিতে যাওয়ার পথে

# বাস উল্টে নিহত ৪ সীমান্তরক্ষী নিহত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দীর্ঘ এক দশক পর অধিকৃত কাশ্মীরে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। নির্বিঘ্নে ভোট সম্পন্ন করানোর গুরু দায়িত্ব বর্তেছে আধা সেনার উপরে। শুক্রবার ভোটের ডিউটিতে যাওয়ার পথে পাহাড়ি রাস্তায় নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায় ভারতের সীমান্তরক্ষী বিএসএফ সদস্যদের বাসটি। বেশ কয়েকশ ফুট নিচে পড়ে গিয়ে দুমড়ে-মুচড়ে যায় বাসটি। ভয়াবহ দুর্ঘটনায় ঘটনাস্থলেই প্রাণ হারান চার বিএসএফ জওয়ান। গুরুতর আহত হয়েছেন আরও ২৮ জন। আহতদের উদ্ধার করে বদগাম ও শ্রীনগরের বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্তত ছয়জনের অবস্থা সঙ্কটজনক হওয়ায় মৃতের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা করছেন বিএসএফের শীর্ষ কর্মকর্তারা।

গত ১৮ সেপ্টেম্বর জম্মু ও কাশ্মীরে প্রথম দফায় ২৪ আসনে ভোট নেয়া হয়েছিল। আগামী ২৫ সেপ্টেম্বরর দ্বিতীয় দফায় আরও ২৬ আসনে ভোট নেয়া হবে। তার মধ্যে কাশ্মীরের ১৫ এবং জম্মুর ১১ আসন রয়েছে। ওই দিন কাশ্মীরের গান্ডেরবাল, বদগাম, রিয়াসি, রাজাউরি ও পুঞ্চে ভোট নেয়া হবে। সব জেলাগুলিই অত্যন্ত সংবেদনশীল। ভোটের মুখে যাতে অশান্তি না হয় তারর জন্য ভোটের পাঁচ দিন আগেই এলাকায় বাড়তি নিরাপত্তা বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

এদিন বদগামের একটি ভোট কেন্দ্রে ভোটের ডিউটিতে যাচ্ছিলেন ৩৫ বিএসএফ জওয়ান। ব্রিল গাঁওয়ের কাছে বিএসএফ জওয়ানদের বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। বিকট শব্দ শুনে প্রথমে স্থানীয় বাসিন্দারা উদ্ধারের কাজে হাত লাগান। পরে পুলিশও ছুটে আসে। দুমড়ে-মুচড়ে যাওয়া বাসের ভিতর থেকে রক্তাক্ত বিএসএফ জওয়ানদের উদ্ধার করে বিভিন্ন মেডিক্যাল কলেজে পাঠানো হয়।বিএসএফের এক পদস্থ কর্তা জানিয়েছেন, দুর্ঘটনায় চার জওয়ান প্রাণ হারিয়েছেন।

## কেষ্ট জামিন পাওয়ার পর মহা ধুমধামের

# শহীদ বিজয় মিছিলের সঙ্গে মহা ভুরিভোজ হল বীরভূমের গ্রাম জুড়ে



**বেবি চক্রবর্ত্তী :বীরভূম: নিউজ সারাদিন :** গরু পাচার কাণ্ডে সুকন্যা জামিন পেয়েছিলেন দিন দশেক আগে, আর এবার জামিন পেলেন অনুব্রত মণ্ডল। সিবিআই-ইডি সব মামলাতেই জামিন পেয়ে এবার তার বীরভূমে প্রত্যাবর্তনের পালা। আর তার এমন প্রত্যাবর্ত্যনে গোটা জেলা জুড়েই শুরু হয়েছে উৎসবের মেজাজ। কেউ মিষ্টি খাইয়ে, আবার কেউ আবির মাখিয়ে এমন খুশির মুহূর্ত পালন করছেন তৃণমূল নেতাকর্মীরা।আর এসবকে ছাড়িয়ে এবার গোটা গ্রামের মানুষদের খাসির মাংস ভাত খাইয়ে অনুব্রত মণ্ডলের জামিনের আনন্দ ভাগ করে নেওয়া হল।এর আগে যখন অনুব্রত কন্যা সুকন্যা মণ্ডল জামিন পেয়েছিলেন তখন আনন্দে আটখানা হয়ে গোটা গ্রামের মানুষদের মুরগির মাংস, ভাত, চাটনি, মিষ্টি সহ ভুড়িভোজ করানো হয়েছিল। আর এবার অনুব্রত মণ্ডল জামিন পাওয়ার সঙ্গে সঙ্গে ওই গ্রামের প্রত্যেককে খাসির মাংস, ভাত সহ আরও বিভিন্ন পদ দিয়ে ভুরিভোজ করিয়েছেন। এখন রীতিমতো উৎসবের মেজাজ চলছে ওই গ্রামে।গ্রামের মানুষদের অনুব্রত ও তার মেয়ের জামিনের পরিপ্রেক্ষিতে মাংস ভাতে ভুরিভোজ করানোর এমন ঘটনাটি ঘটেছে নানুরের থুপসরা অঞ্চলের আটকুলা গ্রামে। এই গ্রামের প্রায় ৪০০ বাসিন্দাদের পেট ভরে খাসির মাংস সহ ভুরিভোজ করানো হয় শুক্রবার রাতে। ভুরিভোজের পাশাপাশি গোটা গ্রাম মেতে উঠে খেলা হবে গানে। শুক্রবার রাতের খাওয়া দাওয়াই ভাত, খাসির মাংস ছাড়াও ছিল আলুর তরকারি, দই ও পাঁপড়।সুকন্যা মণ্ডল হোক অথবা অনুব্রত মণ্ডল, গরু পাচার কাণ্ডে জামিনের পর এইভাবে ভুরিভোজের আয়োজন কোন তৃণমূল নেতার উদ্যোগে করা হচ্ছে? যা জানা যাচ্ছে তাতে এমন আয়োজন করা হয় অনুব্রত মণ্ডল ঘনিষ্ঠ আব্দুল কেরিম খান ঘনিষ্ঠ এক তৃণমূল নেতার উদ্যোগে। মূলত অনুব্রত মণ্ডল গ্রেপ্তার হওয়ার পর থেকেই অনুব্রত মণ্ডল ঘনিষ্ঠ একাধিক নেতাকর্মীদের রীতিমত কোণঠাসা হতে দেখা গিয়েছে। একই অবস্থা হতে দেখা গিয়েছে কেরিম খানেরও। তবে এই সকল কোণঠাসা হয়ে পড়া নেতারা এখন সুকন্যা ও অনুব্রত জামিনে নতুন করে আশার আলো দেখতে পাচ্ছেন।

## হিজবুল্লাহর পেজার বিস্ফোরণ,

# জড়িত ভারতীয় বংশোদ্ভুত রবিনসন?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লেবাননে পেজার বিস্ফোরণের ঘটনায় নাম জড়িয়েছে এক ভারতীয় বংশোদ্ভুতের। তার নাম রিনসন হোসে। ৩৭ বছরের এই যুবকের জন্ম কেরালার ওয়েনাদে। পড়াশোনাও কেরালায়। পরবর্তীতে তিনি নরওয়েতে চলে যান। বর্তমানে সেখানকার নাগরিক তিনি। পেজার বিস্ফোরণের তদন্তে এই ভারতীয় বংশোদ্ভুতেরই নাম উঠে আসছে।

কীভাবে এই ভারতীয় বংশোদ্ভুতের নাম জড়িয়ে গেল লেবাননের ধারাবাহিক বিস্ফোরণের ঘটনায়? হাঙ্গেরির একটি সংবাদমাধ্যম 'টেলেক্স'-এ দাবি করা হয়েছে, লেবাননে যে পেজারগুলি বিস্ফোরণ হয়েছে, সেগুলি বিক্রি করেছিল 'নর্টা গ্লোবাল লিমিটেড' নামে বুলগেরিয়ার একটি সংস্থা।

'টেলেক্স'-এ আরও দাবি করা হয়েছে, হিজবুল্লাহ কয়েক হাজার পেজারের বরাত দিয়েছিল বুলগেরিয়ার ওই সংস্থাকে। ঘটনাচক্রে, বুলগেরিয়ার ওই সংস্থাটির কর্ণধার আবার রিনসন। আর এখান থেকেই সন্দেহ তদন্তকারীদের। তা হলে কি এই ঘটনার সঙ্গে ভারতীয় বংশোদ্ভূতের সরাসরি কোনও যোগ রয়েছে? এই প্রশ্ন জোরালো হতে শুরু করেছে।

'দ্য ক্যাডল ডট কো'-এর তথ্য বলছে, বুলগেরিয়ার সংস্থার সঙ্গে লেবাননের পেজার বিস্ফোরণের নাম জড়িয়ে যাওয়ায় সেখানেও তোলপাড় চলছে। সে দেশের নিরাপত্তা সংস্থা 'ডিএএনএস' বৃহস্পতিবারই ঘোষণা করেছে যে, কী ভাবে বুলগেরিয়ার সংস্থার নাম জড়িয়ে গেল তা খতিয়ে দেখা হচ্ছে। সিবিএস নিউজ-এর প্রতিবেদন বলছে, ২০২২ সালের এপ্রিলে নর্টা গ্লোবাল লিমিটেড নামে সংস্থাটিকে বুলগেরিয়ায় ছাড়পত্র দেওয়া হয়। এই সংস্থাটির কর্ণধার নরওয়ের নাগরিক, যিনি ঘটনাচক্রে আবার ভারতীয় বংশোদ্ভুত।

'অনমনোরমা' নরওয়ের বেশ কয়েকটি সূত্র মারফত জানতে পেরেছে যে, রিনসন একটি কনসালটেন্সি সংস্থা চালাতেন। নরওয়েতে মালয়ালি জনগোষ্ঠীর মধ্যে অত্যন্ত পরিচিত মুখ তিনি। নিজের উদ্যোগে বিভিন্ন উৎসব এবং ফুটবল খেলার আয়োজনও করতেন। 'অনমনোরমা'র প্রতিবেদন অনুযায়ী, রিনসনের লিঙ্কডইন প্রোফাইলে যে তথ্য রয়েছে তা হল, ২০২২ সাল থেকে তিনি ডিএ মিডিয়ার সঙ্গে যুক্ত। 'নর্টালিঙ্ক' নামে একটি সংস্থার কর্ণধার। এটি মূলত একটি তথ্যপ্রযুক্তি এবং কনসাল্টিং সংস্থা। ওই প্রতিবেদন অনুযায়ী, পুদুচেরি বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ করেছেন রিনসন। আবার অসলো মেট্রোপলিটান বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক সমাজকল্যাণ এবং স্বাস্থ্যনীতির বিষয়ে পড়াশোনা করেছেন। শিক্ষকতাও করেছেন। রিনসনের সংস্থা 'নর্টালিঙ্ক'-এর ভুয়া সংস্থাই নর্টা গ্লোবাল লিমিটেড বলেই মনে করছেন তদন্তকারীরা।



## জীবন বিপন্ন করে নবজীবন দান

**অভিজিৎ হাজরা, হাওড়া: নিউজ সারাদিন :** গ্রামীণ হাওড়া জেলার আমতা ১নং ,আমতা ২নং , উদয়নারায়ণপুর ব্লকের বিস্তির্ণ অঞ্চলের বিভিন্ন গ্রাম ডি ভি সি -র ছাড়া জলে জলমগ্ন। বাণভাসি এলাকায় বিভিন্ন বিপদ তাদের নিত্যসঙ্গী। গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমা তথা উদয়নারায়ণপুর বিধানসভার অন্তর্গত আকনা গ্রাম ।আজ (২১ সেপ্টেম্বর) দুপুরে এই গ্রামের এক মহিলা দামোদর নদে স্নান করতে গিয়েছিলেন। নদের প্রবল স্রোতে তিনি ভেসে যান।



নদের জলে মহিলাকে ভেসে যেতে দেখেনআকনা গ্রামের যুবক রাকেশ সামন্ত এবং পাশ্ববর্তী গ্রাম ঠাকুরাণী- র যুবক সৌমেন মালিক ।তারা নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে - মৃত্যুকে পরোয়া না করে মহিলাকে বাঁচানো জন্য দুজনেই দামোদর নদে ঝাঁপ দেয়। নদের প্রবল স্রোতের সাথে যুদ্ধ করে দীর্ঘ চার কিলোমিটার সাঁতারে তারা ওই মহিলাকে উদ্ধার করে। ওনাদের অদম্য লড়াইয়ে মহিলা নবজীবন লাভ করেন। মহিলাকে উদ্ধার করে উদয়নারায়ণপুর স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। মহিলা এখন সুস্থ আছেন।







# 'কাজ না করলে বেতন বন্ধ', ধর্মঘটকারী ভারতীয় কর্মীদের হুঁশিয়ারি দিল স্যামসাং



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ট্রেড ইউনিয়নকে স্বীকৃতি দেয়া, বেতন-ভাতা বাড়ানো এবং কর্মস্থলে কাজের পরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতের দাবিতে স্যামসাং ইন্ডিয়ার কর্মীদের আন্দোলন অব্যাহত আছে। এতে বিক্ষোভ করছেন প্রায় দেড় হাজার কর্মী। সমস্যার সমাধানে সরকারের হস্তক্ষেপ দাবি করেছেন তারা।

এর প্রেক্ষিতে এবার স্যামসাং ইলেকট্রনিক্স দক্ষিণ ভারতে তার ধর্মঘটকারী কর্মীদের সতর্ক করে দিয়ে বলেছে যে, তারা প্রতিবাদ চালিয়ে গেলে কোন মজুরি পাবে না এবং চাকরিও হারাতে পারে। এই হুঁশিয়ারির ফলে কোম্পানি এবং তার কর্মীদের মধ্যে বিরোধ আরও বাড়তে পারে বলে মনে করা হচ্ছে।

৯ সেপ্টেম্বর থেকে চেন্নাই শহরের কাছে স্যামসাংয়ের হোম অ্যাপ্লায়েন্স ফ্যাক্টরির কাছে একটি অস্থায়ী তাঁবুতে শত শত শ্রমিক কাজ বন্ধ করে বিক্ষোভ করেছে। তারা মজুরি বৃদ্ধি এবং প্ল্যান্টে একটি ইউনিয়নের স্বীকৃতি দাবি

এরপর ৪ পাতায়

# দুর্গা পুজোয় ৩০০০ টন ইলিশ পাঠাচ্ছে বাংলাদেশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামনেই দুর্গা পুজো। তারআগেই সুখবর দিল বাংলাদেশ। পুজোর আগেই বাংলাদেশ থেকে ভারতে আসছে ৩০০০ টন ইলিশ। শনিবার একথা জানিয়ে দিল বাণিজ্য মন্ত্রণালয়। ইতিমধ্যেই এই মর্মে বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব সুলতানা আক্তার সই করে দিয়েছে। ২০২৩ সালেও দুর্গাপুজোর আগে ভারতে এসেছিল ৩ হাজার ৯৫০ মেট্রিক টন ইলিশ।এদিন বাণিজ্য মন্ত্রণালয় এই প্রসঙ্গে জানিয়ে দিয়েছে,আসন্ন দুর্গাপূজা উপলক্ষে বেশ কয়েকটি শর্তে ইলিশ মাছ রপ্তানির অনুমোদন দেওয়া হয়েছে। সেখানেই স্পষ্টভাবে উল্লেখ করা রয়েছে, ইচ্ছুক রপ্তানিকারকদের ২৪ সেপ্টেম্বর দুপুর ১২টার মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করতে হবে। এরপর আর কোন আবেদন গ্রহণ করা হবে না। বলা বাহুল্য, আগামী ৮ অক্টোবর থেকে শুরু দুর্গাপূজা । আর তারআগে বাংলাদেশ থেকে ভারতে আসছে ইলিশ। তাতেই খুশি ভোজনরসিকদের একাংশ।

গত ১১ সেপ্টেম্বর বাংলাদেশ থেকে ইলিশ আমদানি করতে চেয়ে চিঠি পাঠিয়েছিল ভারত। সেখানে উল্লেখ করা ছিল, '১৯৯৬ সালের পর থেকে প্রতিবছর গড়ে ৫ হাজার টন ইলিশ বাংলাদেশ থেকে ভারতে আসত। তবে ২০১২ সালের পর থেকে রপ্তানি বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু গত ৫ বছরে ফের বাংলাদেশ থেকে ইলিশ আসত ভারতে।' আর এই চিঠি পেতেই বাংলাদেশ থেকে মিলল ইলিশ রপ্তানির

# বন্যা কবলিত এলাকায় হাঁটু জলে দাঁড়িয়ে চিকিৎসা পরিষেবায় অভয়া ক্লিনিক



**বেবি চক্রবর্তী: পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন :** কেশপুরে বন্যা কবলিত এলাকায় হাটু সমান জলে দাঁড়িয়ে চিকিৎসা ও ত্রাণ নিয়ে হাজির হলেন কলকাতার আরজিকর মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তারদের একটি দল। সম্প্রতি কেশপুরের বন্যাকবলিত কানাখালি গ্রামে এসে অসহায় মানুষদের পাশে দাঁড়ালেন জুনিয়র ডাক্তাররা। পাশাপাশি বন্যার কারণে পুরো গ্রামটি জলের নিচে ডুবে আছে, যেখানে অনেক মানুষই এখনো গৃহবন্দী অবস্থায় দিন কাটাচ্ছেন। হাঁটু সমান জলে দাঁড়িয়ে রোগীদের চিকিৎসা প্রদান করেছেন এই চিকিৎসকরা।

আরজিকরের প্রতিবাদে আন্দোলনকারী জুনিয়র চিকিৎসকেরা 'অভয়া ক্লিনিক' ব্যানারে এই উদ্যোগ নেন। গ্রামবাসীদের শারীরিক সমস্যার পাশাপাশি বন্যা-পরবর্তী নানা স্বাস্থ্যঝুঁকি নিয়ে কথা বলেন, দেন নানাবিধ স্বাস্থ্য-পরামর্শ। শুধু চিকিৎসা নয়, বাড়ি বাড়ি গিয়ে তাদের হাতে প্রয়োজনীয় ওষুধপত্র, শুকনো খাবার এবং ত্রাণ সামগ্রী তুলে দেন। এলাকাবাসীর কাছে এই উদ্যোগ ছিল অমূল্য। এদিন স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন,"বন্যা পরবর্তী সময়ে এলাকায় শারীরিক সমস্যা ও নানান রোগের প্রকোপ বাড়ছে। বন্যার কারণে আটকে পড়া মানুষদের পাশে দাঁড়িয়ে আরজিকরের এই চিকিৎসক দল শুধু স্বাস্থ্যসেবা নয়,ত্রাণও বিতরণ করে,তাঁরা তাদের যে মানবিকতার পরিচয় দিয়েছেন, তা আমাদের কাছে অত্যন্ত প্রয়োজনীয়। বলাইবাহুল্য, সংকটময় পরিস্থিতিতেও তারা তাদের দায়িত্বে যে অবিচল,তা আবারও প্রমাণ করলেন জুনিয়র ডাক্তাররা।




১-ম পাতার পর

# গৃহযুদ্ধে অগ্নিগর্ভ পার্বত্য চট্টগ্রাম, হতাহত বহু

উপদেষ্টা ইউনুস। সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টার নেতৃত্বে একটি প্রতিনিধিদল শনিবার ঢাকা থেকে পার্বত্য চট্টগ্রামে যাবেন বলে ঠিক আছে। সংঘর্ষের ঘটনার সূত্রপাত গত বুধবার। খাগড়াছড়ি জেলা সদরে মোটরসাইকেল চুরির ঘটনাকে কেন্দ্র করে গণ পিটুনিতে মৃত্যু হয় মহম্মদ মামুন নামে বছর তিরিশের এত তরুণের। ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার বিকালে দীঘিনালা কলেজ থেকে বিক্ষোভ মিছিলের আয়োজন করে স্থানীয় মানুষ। অভিযোগ সেই মিছিলের উপর পাহাড়িয়া বা আদিবাসীদের সশস্ত্র সংগঠন দীঘিনালার বোয়ালখালী বাজার এলাকায় আক্রমণ করে। জঙ্গি সংগঠন ইউপিডিএফের জঙ্গিরা ২০ থেকে ৩০ রাউন্ড গুলি ছোড়ে বলে অভিযোগ। এই আক্রমণের প্রতিবাদে স্থায়ীন বাংলাভাষীরা বোয়ালখালী বাজারে বেশ কিছু দোকানে আগুন দেয়।

এই ঘটনাকে কেন্দ্র করে সমাজমাধ্যমে উত্তেজনাকর পোস্ট ঘিরে পরিস্থিতি আরও ঘোরালো হয়ে ওঠে। রাতে সেনা কনভয় আক্রান্ত হলে জওয়ানেরা পাল্টা গুলি ছোড়ে। তাতে তিনজন মারা যায়। গুলিবিদ্ধ হয় অসংখ্য মানুষ। বৃহস্পতিবার রাতের ঘটনার প্রতিবাদে পাহাড়িয়া বা আদিবাসী মানুষ রাঙামাটি জেলা সদরে শুক্রবার বিকালে প্রতিবাদ সমাবেশের ডাক দিলে বাংলাভাষীরা তার উপর হামলা চালায় বলে অভিযোগ। পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি সমর্থিত পাহাড়ি ছাত্র পরিষদ রাঙামাটি জেলা সদরে 'সংঘাত ও বৈষম্যবিরোধী পাহাড়ি ছাত্র আন্দোলন'-এর ব্যানারে সমাবেশের ডাক দিয়েছিল। রাঙামাটি জিমনেসিয়াম এলাকায় আয়োজিত সেই সভার উপর আটশো থেকে হাজার মানুষ পাল্টা মিছিল বের করলে দু-দলের মধ্যে তুমুল সংঘর্ষ শুরু হয়। স্থানীয় মসজিদ, ব্যাঙ্ক, পথচলতি গাড়ি, বাড়িতে হামলা, আগুন দেয় জনতা।

১-ম পাতার পর

# ভিআইপি'দের বিঁধে সরব তসলিমা

উলটোপালটা বলতেন। এদিন গান বাজিয়ে যাওয়ার সময় নিষেধ করলে তা না শুনে রজিনা ইলিয়াসকে গালিগালাজ করে। এতে রেগে সে হাতুড়ি দিয়ে রজিনার মাথায় আঘাত করে। সদর হাসপাতালের চিকিৎসক মমতাজ মুজিদ জানান, নিহত রজিনাকে মৃত অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হয়েছিল। তাঁর মাথায় বড় ধরনের আঘাতের চিহ্ন ছিল।সেখানে তিনি বিঁধেছেন 'ভিআইপি'দের।

জানা গিয়েছে, নিহত তরুণীর নাম রজিনা সুলতানা (২০)। ঘটনার দিন সকালে তিনি রাস্তা দিয়ে একটি স্পিকারে জোরে গান বাজিয়ে যাচ্ছিলেন। ওই এলাকারই বাসিন্দা ইলিয়াস হোসেন তাঁর বাড়ির সামনে জোরে গান বাজানোর অভিযোগ করে হাতুড়ি দিয়ে রজিনার মাথায় বেশ কয়েকটি আঘাত করে। ঘটনাস্থলেই মৃত্যু হয় রজিনার। এই মর্মান্তিক ঘটনা নিয়ে আজ ফেসবুকে পোস্ট করেন তসলিমা। ক্ষোভ উগরে তিনি লেখেন, ও সাতক্ষীরা সদরের লাবসা ইউনিয়নের থানাঘাটা গ্রামের রাস্তা দিয়ে স্পিকারে গান বাজিয়ে হেঁটে যাচ্ছিল রজিনা সুলতানা নামের এক প্রতিবন্ধী তরুণী। এলাকার বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়ের ভোকেশনাল শ্রেণির ছাত্রী ছিল রজিনা। কিন্তু গান বাজনা থানাঘাটের ইলিয়াস হোসেনের পছন্দ নয় মোটেও। ইলিয়াস গান বাজনা ব্যাপারটাকেই ঘৃণা করে। ইলিয়াস তাঁর বাড়ির সামনে জোরে গান কেন বাজিয়েছে, এই অভিযোগ করে হাতুড়ি দিয়ে রজিনার মাথায় আঘাত করে। ঘটনাস্থলেই রজিনার মৃত্যু হয়। সমন্বয়করা ভিআইপি। তাঁরা পিটিয়ে মানুষ হত্যা করেছেন।

সাধারণ মানুষ মনে করছে যাকে পছন্দ হবে না, তাকে পিটিয়ে হত্যা করাই আধুনিকতা। বর্বরতাই আজ এ দেশে আধুনিকতা বটে৶ সোশাল মিডিয়ায় ভাইরাল হয়েছে তসলিমার এই পোস্ট।

২ পাতার পর

# বন্যায় নষ্ট ২ লক্ষ হেক্টর জমির ধান, ক্ষতিগ্রস্থ কৃষকেরা পাবেন বাংলার শস্যবিমার সুবিধা

পরিদর্শনে গিয়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করার নির্দেশ আগেই দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই অনুযায়ী বাংলার শস্যবিমার সুবিধা প্রত্যেক ক্ষতিগ্রস্ত কৃষক পর্যন্ত পৌঁছে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এটা নিশ্চিত করতেই দ্রুততার সঙ্গে পদক্ষেপ করেছে রাজ্য কৃষি দফতর । নবান্ন সূত্রে জানা গিয়েছে, বন্যায় কৃষির ক্ষেত্রে ক্ষয়ক্ষতি কীরকম তা খতিয়ে দেখতে ইতিমধ্যেই রাজ্যের কৃষিসচিব ওঙ্কার সিং মিনা এবং অন্য পদস্থ কর্তাদের নিয়ে একটি বৈঠক করেছেন রাজ্যের কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। সেই বৈঠকেই তিনি নির্দেশ দিয়েছেন, বাংলা শস্য বিমার সুবিধা যাতে রাজ্যের সব কৃষকেরা পান তার জন্য যেমন কাজ চালিয়ে যেতে হবে তেমনি বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকেরা যাতে দ্রুত বিমার সুবিধা পান তার জন্য ৩০ সেপ্টেম্বরের মধ্যে নিশ্চিত করতে হবে। যে সব কৃষকেরা এখনও বাংলা শস্য বিমা যোজনার আওতায় আসেনি কিন্তু বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছেন, সেই সব কৃষকের নাম যাতে যোজনার আওতায় আসে তাও ৩০ সেপ্টেম্বরের মধ্যেই নিশ্চিত করতে হবে বলে কৃষিমন্ত্রী নির্দেশ দিয়ে দিয়েছেন। সূত্রের দাবি, কৃষিমন্ত্রীর এই নির্দেশের পিছনে কাজ করছে মুখ্যমন্ত্রীর ঘোষণাই।

# পুজোর সময়ও কি রাস্তা ভাঙাচোরা থাকবে? বৃষ্টি হলে? কী বললেন মেয়র ফিরহাদ হাকিম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ষষ্ঠী নয়, এখন মহালয়ার পর থেকেই কলকাতায় শুরু হয়ে যায় দুর্গা পুজো। সেদিক থেকে দেখতে গেলে পুজোর ঢাকে কাঠি পড়তে দু'সপ্তাহও বাকি নেই। অথচ শহর কলকাতার বহু এলাকার রাস্তায় এখনও ভাঙাচোরা। বৃষ্টি হলে তো কথায় নেই। পুজোতেও কি ওই ভাঙাচোরা রাস্তাকে সঙ্গী করেই ঠাকুর দেখতে হবে? এদিন টক টু দ্য মেয়র অনুষ্ঠানে ফিরহাদ হাকিম

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৫৯ সংখ্যা ২২ সেপ্টেম্বর, ২০২৪ রবিবার ০৫ আশ্বিন্র, ১৪৩১

৩ পাতার পর

## 'কাজ না করলে বেতন বন্ধ', ধর্মঘটকারী ভারতীয় কর্মীদের হুঁশিয়ারি দিল স্যামসাং

করছে। ভারতের স্যামসাংয়ের বার্ষিক আয় ১২ বিলিয়ন ডলার।

স্যামসাং গত সপ্তাহে একটি জেলা আদালতে প্রতিবাদী ইউনিয়নের বিরুদ্ধে মামলা করেছে, কারখানার আশেপাশে স্লোগান দেয়া এবং বক্তৃতা করা বন্ধ করার জন্য একটি অস্থায়ী নিষেধাজ্ঞা চেয়েছে। কিন্তু বৃহস্পতিবার বিচারক দ্রুত সমাধানের আহ্বান জানান।

স্যামসাং ইন্ডিয়া একটি বিবৃতিতে বলেছে যে, তারা 'প্রাসঙ্গিক আইন ও প্রবিধানের ভিত্তিতে কর্মীদের তাদের নীতি সম্পর্কে অবহিত করেছে এবং তাদের অবিলম্বে কাজে ফিরে যাওয়ার আহ্বান জানিয়েছে।' বিবৃতিতে যোগ করা হয়েছে, 'আমাদের কর্মীদের নিরাপত্তা ও সুস্থতা একটি অগ্রাধিকার। আমরা এই সমস্যার সমাধান করতে প্রতিশ্রুতিবদ্ধ।'

কমপক্ষে তিনজন ধর্মঘটকারী স্যামসাং কর্মী রয়টার্সকে নিশ্চিত করেছেন যে, তারা এইচআর টিমের কাছ থেকে শুক্রবারের সতর্কতা ইমেল পেয়েছেন। ইমেলটি আরও বলেছে যে, স্যামসাং ম্যানেজমেন্ট ইঙ্গিত দিয়েছে যে সমস্ত সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করা যেতে পারে।

ভারতের দিল্লি ও তামিলনাড়ুতে স্যামসাংয়ের দুটি কারখানা আছে। এ দুই জায়গায় বর্তমানে কর্মরত আছেন দুহাজারের বেশি কর্মী। এর মধ্যে প্রায় দেড় হাজার কর্মী আন্দোলনে নেমেছেন। ভারতে থাকা স্যামসাংয়ের ১৬ বছরের ইতিহাসে এমন ঘটনা এর আগে আর ঘটেনি।

এদিকে, গত বুধবার (১৮ সেপ্টেম্বর) সকালে পুলিশ আন্দোলনরত ১০৪ কর্মীকে আটক করে। তবে সন্ধ্যার দিকে তাদের ছেড়ে দেয়া হয়। শ্রমিকরা দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা নিয়েছে।

# সম্পাদকীয়

## মশাল মিছিলের নামে 'মহানাটক' কলকাতা মহানগরীতে

হাইল্যান্ড পার্ক থেকে শুরু করে শ্যামবাজার পর্যন্ত যাবে শুক্রবারের এই মশাল মিছিল। এই মিছিলে উপস্থিত রয়েছেন আইটি কর্মী, সিনিয়র চিকিৎসক ,জুনিয়র চিকিৎসক ,বিজ্ঞানী ,অধ্যাপক, নাগরিক সমাজ। বিভিন্ন সিগন্যাল মোড় গুলিতে লোকের জমায়েত ছিল। বিভিন্ন মেডিকেল কলেজ গুলি ক্রস করে শ্যামবাজার পৌছবে এই মিছিল ।তাই আন্দোলন প্রত্যাহার করা সম্ভব হয়নি। এক মাসেরও বেশি সময় ধরে জনমানুষে আন্দোলনকে ঐক্যবদ্ধ করে এগিয়ে নিয়ে যেতে গিয়ে বিভিন্ন মতামত সামনে এসেছে। কিন্তু এসবের মধ্যেই বঙ্গে বন্যা পরিস্থিতির সৃষ্টি হওয়ায় জুনিয়র চিকিৎসকরা আন্দোলন আর এগিয়ে না নিয়ে গিয়ে কর্মবীর প্রত্যাহারের সিদ্ধান্তে ঐক্যমত পোষণ করেন। তাই থ্রেট কালচার নামক বিষয়বস্তুটিকে আলোচনার টেবিলে জিইয়ে রেখে জুনিয়র চিকিৎসকরা নতুন আন্দোলন উৎসব মরশুম কাটলে ফের হবে এই হুংকার দিয়ে আপাতত রণে ভঙ্গ দিল শুক্রবার। অনেকেই মনে করেন একবার আন্দোলন প্রত্যাহার হওয়ার পর নতুন করে সেটি সংঘটিত করা মুশকিল। তাই সেই শঙ্কাকে বুকে বেঁধে দুনিয়া চিকিৎসকরা শনিবার থেকে জরুরী পরিষেবায় যোগ দিচ্ছেন সরকারি হাসপাতাল গুলিতে। রোগী স্বার্থের বিষয়টিকে প্রাধান্য দিয়ে শুক্রবার স্বাস্থ্য ভবনের(Sasthya Bhavan) সামনে এর অবস্থান শেষ হল আপাতত। আর জুনিয়র চিকিৎসকদের আন্দোলন শেষ হতেই মশাল জেলে ইএম বাইপাসের রাস্তায় নামলেন সিপিএম এবং নকশাল পন্থী সমর্থকরা। তাদের কাছে তো উৎসব বড় বালাই,আসুন রাজনীতিকে সামনে রেখে আন্দোলন চালিয়ে যাই ।সাড়ে চারটের পর শুরু হয় এই মিছিল। আরজি কর কান্ডের প্রতিবাদে সুবিচারের দাবিতে ছিল শুক্রবার এই মিছিল ।লড়াই হয়তো জিতেছি, কিন্তু যুদ্ধ কি জিততে পারলাম? এই প্রশ্নকে সামনে রেখে সিপিএম(CPM) ও নকশাল পন্থীদের নেতৃত্বে আলাদা আলাদা ভাবে নয়, আসুন এক সঙ্গে এই আঁধারে আলো জ্বালাই নাম দিয়ে শুক্রবার ব্যস্ততম দিনে বের হয় মিছিল ।এই মিশনের নাম কেউ কেউ দেন নির্ভয়ার জন্য বলে ।তবে এই নাম শুধুই মেটাফরিক্যাল নয়। হয়তো এর নেপথ্যে লুকিয়ে আছে এক হওয়ার অন্য রসদ।

যা বিরোধিতার রাজনীতির প্ল্যাটফর্মকে অক্সিজেন যোগাবে ।এই প্রথম বার সমাজের সব অংশের প্রতিবাদীরা এক সাথে, এক পথে বলে দাবি করা হয়। লক্ষ্য অবশ্যই নির্ভয়ার বিচার, তার সঙ্গেই সিস্টেমেটিক দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়া। অর্থাৎ এই সুযোগে বাম রাজনীতিতে ঝালিয়ে নেওয়া। প্রশ্ন উঠতেই থাকে এই মিছিলের মূল লক্ষ্য কি সমর্থন এবং সহমর্মিতা থাকবে সেই সব জুনিয়র ডাক্তারদের জন্যও। যাঁরা গত এক মাস ধরে রাস্তায় বসে আছেন ন্যায় বিচারের দাবিতে। এ ছাড়াও সেই সমস্ত নাগরিকদের প্রতি কি কৃতজ্ঞতা থাকবে যারা প্রতি রাতে এই লড়াইয়ে নিজের নিজের মতো করে অংশগ্রহণ করেছিলেন। যানজট করে সাধারণ মানুষকে দুর্ভোগ দিয়ে ব্যস্ততম ইএম বাইপাস স্তব্ধ করেপ্রতিবাদের এই আগুন মশাল জ্বলে কি শান্তির বার্তা আনতে পারবে সে প্রশ্ন কিন্তু থেকেই যাচ্ছে ।আর এই কারণে তিলোত্তমার শহর দেখল এক যানজটে ব্যর্থ ই এম বাইপাশে মশাল মিছিল। একটি মশাল প্রতিবাদের আগুনকে জ্বালাতে জ্বালাতে হাইল্যান্ড পার্ক থেকে শ্যামবাজার পর্যন্ত ৪০ কিলোমিটার পথ নাকি অতিক্রম করবে। পথে পড়ল রুবি মোড়,সায়েন্স সিটি, কাদাপাড়া,এনআরএস, সিএনএমসি, আইপিজিএমইআর, সিএমসি মতো গুরুত্বপূর্ণ স্পর্টগুলি। মানুষের হাতে হাতে নাকি এই মশাল ঘুরবে। ৪০ কিলোমিটার রাস্তা জুড়ে বিভিন্ন পয়েন্টে মানুষ দাঁড়িয়ে রইলেন অর্থাৎ পার্টি ক্যাডাররা। এক পয়েন্ট থেকে আর এক পয়েন্টে এই মশাল পৌঁছে দিলেন তারাই। দীর্ঘ পথসূচিতে দেখা গেল অনেক বামমনস্ক মানুষজনকে। অপরদিকে আন্দোলনরত পড়ুয়া চিকিৎসকদের নেতৃত্বে আরেকটি মিছিল অনুষ্ঠিত হল সল্টলেকে স্বাস্থ্য ভবনের সামনে থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত ।৪৩ দিনের আন্দোলন নানা বাঁক এড়িয়ে অবশেষে শেষ হল শুক্রবার। জুনিয়ার চিকিৎসকদের আন্দোলনের জেরে কলকাতার সিপি,নর্থ ডিসি, স্বাস্থ্য দপ্তরের ডিএমই, ডিএইচএস সকলে বদলি হয়েছেন। চুনিয়া চিকিৎসকদের এই আন্দোলনের মধ্যে অন্তরে ছিল টানাপোড়েনের মতানৈক্য এবং দ্বন্দ্ব এবং তার শুরু হয়েছিল আন্দোলনের ১৫ দিনের মাথায়। বৃহস্পতিবারও জুনিয়র চিকিৎসকদের জেনারেল বডি বৈঠকে তীব্র টানাপোড়েন শুরু হয়েছিল। এই আন্দোলন চলাকালীন ২২ অগাস্ট নাগাদ কর্মবিরতিতে ইতি টেনে দেওয়ার দাবি উঠেছিল এক বৈঠকে। কিন্তু অন্য অংশ আন্দোলন চালিয়ে যাওয়ার জন্য একরোখা ছিল। জুনিয়র চিকিৎসকদের একটি অংশ বরাবর চাইছিল কর্মবিরতি প্রত্যাহার হোক কিন্তু সংখ্যাগরিষ্ঠ অংশ চাইছিল আন্দোলন চলুক।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে কামাখ্যা নাগা সাধু থানা প্রতি নিত্যানন্দগিরি মোহন্ত নাগা সন্ন্যাসীদের সঙ্গে আমার এক সাক্ষাৎকার যেন চোখের সামনে ভেসে উঠেছে। নাগা সন্ন্যাসীর ইতিহাস আজকের দিনে অনেকের কাছে অজানা হলেও নাগাদের নিয়ে অনেক গল্প কথা রয়েছে। থানাপ্থতি নিত্যানন্দগিরি মোহন্ত সাধুদের সাধন ভজন ও সাধারণ যাত্রীদের অন্ন সেবা দেন। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



**মৃত্যুঞ্জয় সরদার**
**(দ্বিতীয় পর্ব)**






ব্যবসা হবে না। ঠাকুর অন্নদাকে নির্দেশ দিয়েছিলেন ইডেন গার্ডেন্সের ঝিলে আদ্যা মা পড়ে আছেন। ওখান থেকে মাকে উঠিয়ে নিয়ে এসো। অন্নদা ঠাকুর ঝিলে খোঁজাখুঁজি করতে ১৮ ইঞ্চি আদ্যা মায়ের কষ্টিপাথরের মূর্তি পান। সেদিন ছিল রামনবমী তিথি। রাতে মা তাঁকে দেখা দিয়ে বলেন, অন্নদা কাল বিজয়া দশমী। তুমি আমায় গঙ্গায় বিসর্জন দিও। এই কথা শুনে অন্নদা আঁতকে উঠে বলেন, আমি কি পুজোপাঠ করিনি বলে তিনি রাগ করে চলে যাচ্ছেন ? তখন মা বলেন, না তা নয়। আমি শুধু শাস্ত্র বিহিত মতে পুজো পেতে চাই তা নয়। মা খাও, মা পড়ো - এমন সহজ সরল প্রাণের ভাষায় যে ভক্ত নিজের ভোগ্যবস্তু এবং ব্যবহার্য বস্তু আমাকে নিবেদন করেন, সেটাই আমার পুজো। যদি কোনও ভক্ত আমার সামনে আদ্যাস্তোত্র পাঠ করে তাহলে আমি বিশেষ আনন্দিত হই। এরপর মা আদ্যাস্তোস্ত্র বলেন, আর অন্নদা ঠাকুর লিখে যান। সেই স্ত্রোত্রই এখন আদ্যাপীঠে পাঠ হয়। এই ঘটনার চার বছর পর ১৯১৮ সালে ঝুলন পূর্ণিমার রাতে রামকৃষ্ণদেব অন্নদা ঠাকুরকে হৃষিকেষ যেতে বলেন। সেখানে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# বাংলাদেশি অনুপ্রবেশকারীদের উল্টো ঝুলিয়ে রাখার হুমকি দিলেন অমিত শাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশি অবৈধ অনুপ্রবেশকারীদের উল্টো ঝুলিয়ে রাখার হুমকি দিলেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

শুক্রবার দেশটির ঝাড়খণ্ড রাজ্যে বিজেপির আয়োজিত নির্বাচনী এক সমাবেশে এই হুমকি দেন তিনি।

অমিত শাহ বলেছেন, ঝাড়খণ্ডে বিজেপি সরকার গঠন করতে পারলে প্রত্যেক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে খুঁজে বের করে উল্টো ঝুলিয়ে রাখা হবে। প্রদেশের সাহেবগঞ্জ জেলায় পরিবর্তন যাত্রা নামের এক পদযাত্রার উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে অমিত শাহ বলেন, রাজ্যের প্রত্যেকটি গ্রামে গ্রামে আগামী ২ অক্টোবর পর্যন্ত পরিবর্তন যাত্রা অনুষ্ঠিত হবে। এই পদযাত্রার মাধ্যমে পরিবর্তনের বার্তা দেওয়া হবে।

দেশটির পূর্বাঞ্চলীয় এই রাজ্যে বিজেপিকে সরকার গঠনে সহায়তা করার জন্য জনতার প্রতি আহ্বান জানান অমিত শাহ। এ সময় তিনি বাংলাদেশি অবৈধ অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দেন।

ঝাড়খণ্ডের সাঁওতাল পরগণা জেলায় উপজাতি জনগোষ্ঠীর লোকজনের সংখ্যা কমে যাওয়া এবং বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ক্রমবর্ধমান সংখ্যা সম্পর্কে অতীতে বিজেপির বিভিন্ন নেতার করা মন্তব্যের সঙ্গে সুর মিলিয়েছেন তিনি।

অমিত শাহ বলেছেন, “এই জমি আদিবাসীদের। কিন্তু এখানে অনুপ্রবেশকারীদের সংখ্যা বাড়ছে। আদিবাসীদের সংখ্যা ৪৪ শতাংশ থেকে কমে ২৮ শতাংশ হয়েছে। অনুপ্রবেশকারীরা জেএমএম, কংগ্রেস এবং আরজেডির ভোট ব্যাংক হওয়ায় এখানকার সরকার জনকল্যাণের পরিবর্তে অনুপ্রবেশকারীদের কল্যাণে নিযুক্ত রয়েছে।”

রাজ্যের পাকুর জেলায় 'হিন্দুদের ঝাড়খণ্ড ছাড়তে হবে' স্লোগান দিতেও শুনেছেন বলে অভিযোগ করেছেন ভারতের এই স্বরাষ্ট্রমন্ত্রী। একই সঙ্গে হেমন্ত সরেন নেতৃত্বাধীন ঝাড়খণ্ডের জোট সরকারকে ভারতের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত বলে অভিযোগ করেন অমিত শাহ। তিনি বলেন, হেমন্তের সরকার দুর্নীতি ছাড়া কিছুই করছে না। এই সরকার ভারতে সবচেয়ে দুর্নীতিগ্রস্ত সরকার।

# যুদ্ধের সক্ষমতা বাড়াচ্ছে ভারত, কমান্ডারদের প্রস্তুত থাকতে বললেন রাজনাথ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যেকোনো 'নিরাপত্তা চ্যালেঞ্জ' মোকাবিলায় ভারতীয় নৌবাহিনীর কমান্ডারদের প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। অস্থির বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় নৌ বাহিনীর সক্ষমতা আরও বাড়ানোর প্রয়োজনীয়তার কথা তুলে ধরে এ আহ্বান জানান তিনি।

এক প্রতিবেদনে বলা হয়, বৃহস্পতিবার (১৯ সেপ্টেম্বর) নিজ দেশের নৌবাহিনীর কমান্ডারদের এক সম্মেলনে যোগ দেন প্রতিরক্ষামন্ত্রী। সেখানে তিনি বলেন, ভারতকে এখন ভারত মহাসাগরে একটি শক্তিশালী নিরাপত্তা অংশীদার হিসেবে দেখা হচ্ছে এবং এই অঞ্চলে শান্তি ও সমৃদ্ধি বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে নৌবাহিনী।

এসময় অত্যাধুনিক জাহাজ ও সাবমেরিন যুক্ত করে ভারতীয় নৌবাহিনীর 'যুদ্ধের সক্ষমতা' বাড়ানোর জন্য সরকারের প্রচেষ্টার কথা পুনর্ব্যক্ত করেন রাজনাথ সিং। সেই সঙ্গে জানান, ভারতীয় শিপইয়ার্ডে বর্তমানে ৬৪টি জাহাজ ও সাবমেরিন নির্মাণাধীন এবং ২৪টি অতিরিক্ত প্ল্যাটফর্মের অর্ডার দেওয়া হয়েছে।

দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বরাতে ইকোনমিক টাইমস বলছে, ইন্দো-প্যাসিফিক অঞ্চলে ভারতীয় নৌবাহিনীর ক্রমবর্ধমান শক্তিতে আত্মতুষ্টির কিছু নেই উল্লেখ করে নিয়মিত নিজেদের সক্ষমতা যাচাইয়ের জন্য কমান্ডারদের প্রতি আহ্বান জানিয়েছেন রাজনাথ সিং।

৩ পাতার পর

# পুজোর সময়ও কি রাস্তা ভাঙাচোরা থাকবে? বৃষ্টি হলে? কী বললেন মেয়র ফিরহাদ হাকিম

বলেন, "দিনরাত কাজ চলছে। এখন সেভাবে বৃষ্টি নেই। আশা করছি, মহালয়ার আগেই শহরের সব রাস্তা ঠিক হয়ে যাবে।"

ফিরহাদ জানান, রাস্তার আয়ু বাড়াতে এখন বেশিরভাগ জায়গায় প্রযুক্তিকে কাজে লাগিয়ে প্লাস্টিক রোড তৈরি করা হচ্ছে। তবে এসবের পরেও কিছু কিছু রাস্তা খারাপ হচ্ছে। কারণ, মেট্রোর কাজের জন্য ওই রাস্তা দিয়ে বড় বড় ক্রেইন যাচ্ছে। এখন থেকে শুধু রাস্তা সংস্কার করা নয়, রাস্তাটি কোন সংস্থা সংস্কার করেছে, তার নামও উল্লেখ করতে বলা হয়েছে। যাতে সহজে এ বিষয়ে পদক্ষেপ করা যায় বলে জানিয়েছেন মেয়র।

গত কয়েকটি দুর্গা পুজোয় বৃষ্টির সাক্ষী থেকেছে কলকাতা। এবারেও এ ব্যাপারে আগাম প্রস্তুতি নিচ্ছে পুর কর্তৃপক্ষ। ফিরহাদ বলেন, "এই বর্ষাতে দু-তিন ঘণ্টার বেশি জল কোথাও জমেনি। পুজোর সময় বর্ষা হলেও যাতে দু'তিন ঘণ্টার বেশি জল না থাকে সেই ব্যবস্থা করা হচ্ছে। কন্ট্রোল রুম ২৪ ঘণ্টা খোলা থাকবে। ড্রেনেজ পাম্পিং স্টেশন চালু থাকবে। পুরকর্তারা প্রস্তুত থাকবেন এবং গাছ কাটা, সরানোর লোকজনও থাকবেন। আশা করছি, কোথাও কোনও সমস্যা হবে না।"

একই সঙ্গে পুজোর সময় ডেঙ্গি মশার বিষয়েও বাড়তি সতর্কতার কথা জানিয়েছেন মেয়র। গত বছর এই সময় শহরে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ছিল ৩ হাজার ৮০২ জন, সেখানে ওই সংখ্যা এবারে মাত্র ৪১০। গত বছর সেপ্টেম্বর মাসে শহরে ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা ছিল ৫ হাজার ৭২০, এ বছর সেই সংখ্যাটা ৩ হাজার ১৯ জন।

ফিরহাদ বলেন, "আমরা সতর্ক রয়েছি। সচেতনতার প্রচারও চালিয়ে যাওয়া হবে। পুজো প্যান্ডেলের উদ্যোক্তাদের বলব একটু হোর্ডিং করে প্রচার করার জন্য। প্যান্ডেলের ত্রিপলের কাছে যাতে জল না জমে। বাঁশে যেন জল না জমে, মশার লার্ভা তৈরি না হয়, সেদিকে সকলকে সতর্ক করা হবে।"

# সিনেমার খবর

## কেন কাজলকে সহ্য করতে পারতো না শাহরুখপুত্র আব্রাম?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাহরুখ খানের কনিষ্ঠ পুত্র আব্রাম খান নাকি কাজলকে সহ্য করতে পারত না। দেখলেই রেগে যেত। এ দিকে বাবার সঙ্গে পর্দায় অন্যতম ভাল রসায়ন যে নায়িকার সঙ্গে, তিনি কাজল। তবু, কাজলকে কেন এত অপছন্দ করত ছোট্ট আব্রাম? নেপথ্যের কাহিনী ফাঁস করলেন শাহরুখ নিজেই। যদিও আব্রামের কাজলকে অপছন্দ করার পিছনে রয়েছে রোহিত শেট্টির হাত।

২০১০ সালে মুক্তি পায় 'মাই নেম ইজ খান'। পাঁচ বছর পর ফের 'দিলওয়ালে' ছবিতে জুটি বেঁধেছিলেন শাহরুখ-কাজল। বক্স অফিসেও সাফল্যের মুখ দেখেছিল রোহিত শেট্টির এই ছবি। সেই ছবিতেই বাবাকে কাজলের সঙ্গে দেখলে রেগে যেত আব্রাম। ঘটনাটা ২০১৫ সালের। 'দিলওয়ালে' ছবির একটি দৃশ্যে শাহরুখকে চোট পেতে দেখা যায়। তখনও বাস্তব এবং ছবির মধ্যে ফারাক করতে শেখেনি আবরাম। বেচারা ভেবেই বসে, ছবির নায়িকা কাজলের জন্যই তার বাবা চোট পেয়েছেন। এক সাক্ষাৎকারে শাহরুখ বলেন, "ও কাজলের উপর রেগে গিয়েছিল।" রাগ সামলাতে না পেরে কাজলকে আব্রাম বলেই বসে, "পাপা টুট গয়ে!" অর্থাৎ, বাবা ভেঙে গিয়েছে। এ কথা বলতে বলে হেসেই ফেলেন শাহরুখ। 'ভেঙে যাওয়া বাবা' শব্দের এমনই মহিমা। শাহরুখ বলেন, "আমি জানি আমার সঙ্গে কাজলের জুটিটা আব্রাম পছন্দ করেনি।" উপস্থিত সকলেই আব্রামের কাণ্ড শুনে হেসে কুটিপাটি হয়েছিলেন। ছোট্ট আব্রামের এই জুটিকে পছন্দ না হলেও। দর্শক কিন্তু ভালবাসা দিয়েছিল ছবিকে।

## যুক্তরাজ্য আমার ভিসা বাতিল করে ভুল করেছে: সঞ্জয় দত্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের 'মুন্না ভাই' সঞ্জয় দত্তের ভিসা বাতিল করেছে যুক্তরাজ্য সরকার। এতে দেশটির ওপর ভীষণ চটেছেন এই বলিউড অভিনেতা। এ ঘটনার পর তিনি আর 'সন অব সর্দার-২'

সিনেমার শুটিং করতে স্কটল্যান্ড যেতে পারছেন না। ধারণা করা হচ্ছে ছবিটি থেকে বাদ পড়তে যাচ্ছেন তিনি।

স্কটল্যান্ডে 'সন অব সর্দার-২' সিনেমার শুটিংয়ে যাওয়ার কথা ছিল সঞ্জয় দত্তের। যুক্তরাজ্যের অন্তর্ভুক্ত দেশ হওয়ায় স্কটল্যান্ডে যাওয়ার জন্য ভিসা নেওয়াই ছিল তার। কিন্তু হঠাৎ করে তার ভিসা বাতিল করা হয়েছে। জানা গেছে, ১৯৯৩ সালে অবৈধ অস্ত্র মামলায় দোষী সাব্যস্ত হওয়ায় তার ভিসা বাতিল করেছে যুক্তরাজ্য সরকার।

ভিসা বাতিল হওয়ায় ভীষণ ক্ষুব্ধ সঞ্জয় এবার মুখ খুলেছেন। তিনি বলেছেন 'যুক্তরাজ্য সরকার কাজটি ঠিক করেনি। ভিসার জন্য আমি সব নিয়ম মেনে সব রকম কাগজপত্র জমা দিয়েছিলাম। সবকিছু ঠিক ছিল। তারপর এক মাস পর আমার ভিসা বাতিল করে দিল! তাহলে প্রাথমিকভাবে আমাকে ভিসা দিল কেন?'

যুক্তরাজ্যের ভিসা নিয়ে এই ঘটনায় মুষড়ে পড়েছেন সঞ্জয়। কারণ তার হাতে এখন বেশকিছু সিনেমা রয়েছে, যেসবের বেশিরভাগের শুটিং যুক্তরাজ্যে। এমনকি অজয় দেবগন অভিনীত 'সন অব সর্দার-২' সিনেমা থেকে বাদ পড়ছেন তিনি। সঞ্জয়ের পরিবর্তে খলনায়ক হিসেবে ছবিতে নেওয়া হচ্ছে রবি কিষণকে।

## মর্গ ঘিরে ২০০ কোটির দুর্নীতি মরণোত্তর দেহদান করে দুশ্চিন্তায় ঋতুপর্ণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাত্র কয়েকদিন হলো মরণোত্তর দেহদান করার ঘোষণা দিয়েছেন অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। দেহদানের সেই চুক্তিপত্র স্বাক্ষরের ছবি তিনি সযত্নে রেখে দিয়েছেন। কিনুত এখন এ বিষয়টি নিয়েই আর দুশ্চিন্তা শেষ নেই।

কলকাতার আরজি কর হাসপাতালের লাশকাটা ঘরে নিয়ে নতুন এক রহস্যের সৃষ্টি হয়েছে। হাসপাতালটিতে এক



চিকিৎসক তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণ ও হত্যার তদন্তে উঠে এসেছে চাঞ্চল্যকর সব তথ্য। সেখানকার গণমাধ্যম জানিয়েছে, সঞ্জয় রায় নামে পুলিশের এক সোর্সকে গ্রেফতার করা হয়েছে। তার ফোনে পাওয়া গেছে মরদেহের সঙ্গে সঙ্গমের ভিডিও।

তদন্তকারী সূত্রে আরও জানা গেছে, গত সাত বছরে রাজ্যের একাধিক সরকারি হাসপাতালে অঙ্গ-প্রত্যঙ্গ বিক্রি করে অন্তত ২০০ কোটি টাকা হাতিয়েছে একটি চক্র। এ সকল তথ্য বেরিয়ে আসার পর থেকেই অনেকের মতো নায়িকা ঋতুপর্নাও দুশ্চিন্তায় পড়েছেন।

এ প্রসঙ্গে ভারতীয় এক গণমাধ্যমে তিনি বলেন, 'আশা করি আমার মৃত্যুর আগে এসব অরাজকতা কমবে।' ঋতুপর্ণা আরও জানান, মরণোত্তর দেহদান নিয়ে অনেকে বিভ্রান্তিতে ভোগেন। কিন্তু তার মনে এ নিয়ে কোনো প্রশ্ন ছিল না। পরিবারকে দেখেই তিনি এ কাজে অনুপ্রাণিত হয়েছেন।

উল্লেখ্য, চিকিৎসা বিজ্ঞানের গবেষণার জন্য মরণোত্তর দেহদান করেন অনেকে। একই উদ্দেশ্যে নিজের দেহটাও দান করেছিলেন এ অভিনেত্রী।

## যে কারণে সন্তান নিতে ভয় পাচ্ছেন তামান্না



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনেত্রী তামান্না ভাটিয়ার সম্প্রতি মুক্তিপ্রাপ্ত ছবি "স্ত্রী-২" তার ক্যারিয়ারের মাইলফলক হতে হচ্ছে। আলোচনার ঝড় তুলেছে এ ছবিটি। এ সিনেমায় তামান্না কেবলই এক আইটেম গার্ল। "আজ কি রাত" গানটির সঙ্গে দলীয় নৃত্যে নেচেছেন তিনি। অনেকে বলছেন, কৌশিকের "স্ত্রী-২" সিনেমার এই গানই অমর করে রাখবে তামান্নাকে। সম্প্রতি নিজের ব্যক্তিজীবন নিয়ে এক গণমাধ্যমকর্মীর সঙ্গে কথা বলেছেন তামান্না। তিনি সাক্ষাৎকারে এক প্রশ্নের জবাবে জানিয়েছেন, কেন তিনি সন্তান নিতে ভয় পান। সেই ব্যাখ্যা দিয়ে তিনি জানান, মা না হলেও তিনি বুঝতে পারেন, একটি শিশুকে লালন-পালন করতে কত কষ্ট করতে হয়। সন্তানকে যে কতটা স্নেহ-ভালোবাসা দিতে হয়, তা পরিমাপযোগ্য নয়।

তামান্না আরো বলেন, "আমার বাবা-মা আমাকে এতটাই আদর-যত্ন করেছেন যে, তা আমি আমার সন্তানদের করতে পারব না। এটা আমার জন্য অসম্ভব। একজন মা হতে যে ত্যাগ স্বীকার করতে হয়, তা আমার পক্ষে করা সম্ভব নয়। সন্তান জন্ম দেওয়া থেকে শুরু করে তাকে বড় করা পর্যন্ত, পুরো প্রক্রিয়ার কথা ভাবলে আমি শিউরে উঠি।"

গত বছর বলিউড অভিনেতা বিজয় ভার্মার সঙ্গে দক্ষিণ ভারতীয় অভিনেত্রী তামান্না ভাটিয়ার প্রেমের গুঞ্জন শোনা গিয়েছিল। বিমানবন্দর থেকে শুরু করে পুরস্কার অনুষ্ঠানের লালগালিচা সব জায়গায় দুজনকে একসঙ্গে দেখা গেছে। বর্ষবরণের ছুটি কাটাতে গোয়ায় গিয়ে তামান্না-বিজয়ের প্রেমের সূত্রপাত বলে খবর প্রকাশ করেছিল ভারতীয় একটি গণমাধ্যম। এরপর থেকে এদের নিয়ে নানান গুঞ্জন শোনা যায়।

এদিকে "স্ত্রী-২" সিনেমার "আজ কি রাত" গানের সাফল্য সম্পর্কে তিনি বলেন, "জেলার" সিনেমার "কাভালা", "আরানমানাই-৪" সিনেমার "আচাচো" গানের সাফল্যের পর "স্ত্রী-২" সিনেমার এ গানটি করেছেন তিনি। ভীষণ চিন্তায় ছিলেন, "স্ত্রী-২" সিনেমার গানটি ভক্তদের মন জয় করতে পারবে তো?

## মেয়ের জন্য যে সিদ্ধান্ত নিলেন দীপিকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় দম্পতি রণবীর-দীপিকার জীবনে শুরু হল নতুন অধ্যায়। সদ্যই কন্যা সন্তানের মা হয়েছেন দীপিকা পাড়ুকোন। তাই তো তাদের মধ্যে উত্তেজনা তুঙ্গে। পাশাপাশি ভক্তরাও তাদের সুন্দর মুহূর্তের নানা ঝলক দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে। একসঙ্গে তিনজনকে দেখার জন্য উত্তেজিত হয়ে পড়েছেন অনুরাগীরা।

এরই মধ্যে শোনা গেল, সদ্যোজাত সন্তানের জন্য বড় সিদ্ধান্ত নিয়েছেন দীপিকা। বলিউড কুইন ঐশ্বরিয়া রাই, আনুশকার মত তিনিও সন্তানের জন্য কোনো পরিচারিকা রাখছেন না। অর্থাৎ, সন্তানের সমস্ত কিছুর খেয়াল নিজে রাখবেন দীপিকা।

গত ফেব্রুয়ারিতে অন্তঃসত্ত্বা হওয়ার কথা জানান দীপিকা। সেই সময়ই জানিয়েছিলেন, সেপ্টেম্বরে ভূমিষ্ঠ হবে তার ও রণবীর সিংয়ের সন্তান। শোনা যায়, ২৮ সেপ্টেম্বর দীপবীরের সন্তানের জন্ম হবে। কিন্তু গত শনিবার বিকেলে আচমকাই দীপিকাকে নিয়ে হাসপাতালে যান রণবীর সিং। সেই ক্যামেরাবন্দি মুহূর্ত নেটপাড়ায় প্রকাশ্যে আসতেই দাবানল গতিতে ভাইরাল হয় ভিডিও। অনুরাগীদের প্রার্থনা ছিল, গণেশ চতুর্থীর দিনই যেন সন্তানলাভ করেন রণবীর-দীপিকা। কিন্তু সুখবর পাওয়া গেল রবিবার অর্থাৎ ৮ সেপ্টেম্বর।

জন্মের তারিখ লেখা ছবি পোস্ট করে সুখবর জানান দীপবীর। তাতেই শুভেচ্ছার হাওয়া বয়ে যায়। মেয়ের জন্মের প্রায় এক সপ্তাহ হল। দীপিকা হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন কি না, সেই সম্পর্কে এখনও পর্যন্ত নিশ্চিতভাবে কিছু জানা যায়নি। তবে সূত্রের খবর, স্ত্রী ও সন্তানের জন্য বাড়িতে গ্র্যান্ড ওয়েলকাম প্ল্যান করে রেখেছেন রণবীর সিং।

এটিও শোনা যাচ্ছে, বিরাট-আনুশকা, রণবীর-আলিয়ার মতো দীপিকা-রণবীরও সন্তানের জন্য 'নো ফটো পলিসি'তে হাঁটবেন। কারণ এখন সদ্যোজাতকে খুব করে আগলে রাখার সময়।

# ইয়ামাল নৈপুণ্যে জিরোনাকে উড়িয়ে বার্সার প্রতিশোধ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন কোচ হ্যান্সি ফ্লিকের অধীনে বার্সেলোনা উপহার দিচ্ছে দারুণ ফুটবল।সুন্দর ফুটবলের পসরা সাজিয়ে লা লিগার চলতি মৌসুমে জয়ের ধারাবাহিকতা বজায় রেখেছে কাতালান ক্লাবটি। টানা চার জয়ের পর পঞ্চম ম্যাচেও অপ্রতিরোধ্য বার্সা। লামিন ইয়ামালের জোড়া গোলে জিরোনাকে হারিয়েছে স্প্যানিশ জায়ান্ট দলটি।

জিরোনার মাঠে তাদেরকে ৪-১ গোলে হারিয়েছে বার্সা। ইয়ামালের জোড়া গোলের পাশাপাশি বাকী গোলদুটি করেছেন দানি ওলমো ও পেদ্রি। জিরোনার একমাত্র গোলটি করেছেন ক্রিস্টিয়ান স্টুয়ানি। পাঁচ ম্যাচ খেলে সবকটিতে জিতে টেবিলের শীর্ষে হ্যান্সি ফ্লিকের দল। অন্য দুই জয়, এক ড্র ও দুই হারে সাতে জিরোনা।

গত বছরে লা লিগায় দুইবারের মুখোমুখিতে দুইবারই হারের তিক্ত স্বাদ গ্রহণ করতে হয়েছিল বার্সেলোনাকে।তবে এবার প্রথম দেখাতেই দাপুটে জয়ে মধুর প্রতিশোধ নিল স্প্যানিশ জায়ান্টরা।

নিজেদের ঘরের মাঠ এস্তাদি মিউনিসিপ্যাল ডি মন্টিলিভি স্টেডিয়ামে বার্সেলোনাকে আতিথ্য জানায় জিরোনা। ম্যাচের শুরু থেকেই বল দখল করে সুন্দর ফুটবলের পসরা সাজায় হ্যান্সি ফ্লিকের শিষ্যরা। ৬ মিনিটের মাথায় গোল পেতে পারতেন ইয়ামাল, তবে সেই সুযোগ তিনি কাজে লাগাতে পারেননি। গোলের সুযোগ এসেছিল রাফিনহার সামনেও, তিনিও বল জালে জড়াতে পারেননি।

অবশেষে ৩০ মিনিটে ডেডলক ভাঙ্গেন ইয়ামাল। গোল কিকে ডি-বক্সে বল পান লোপেস। তাকে মন্থরভাবে এগোতে দেখে দ্রুত ছুটে আসেন ইয়ামাল। লম্বা শটে বিপদমুক্ত না করে তরুণ ফরোয়ার্ডকে কাটাতে গিয়ে তালগোল পাকান অভিজ্ঞ ডিফেন্ডার। বল কেড়ে নেয়ার পর ঠাণ্ডা মাথায় জাল খুঁজে নেন ইয়ামাল।

রোববার নিজেদের ঘরের মাঠ এস্তাদি মিউনিসিপ্যাল ডি মন্টিলিভি স্টেডিয়ামে বার্সেলোনাকে আতিথ্য জানায় জিরোনা। ম্যাচের শুরু থেকেই বল দখল করে সুন্দর ফুটবলের পসরা সাজায় হ্যান্সি ফ্লিকের শিষ্যরা। ৬ মিনিটের মাথায় গোল পেতে পারতেন ইয়ামাল, তবে সেই সুযোগ তিনি কাজে লাগাতে পারেননি। গোলের সুযোগ এসেছিল রাফিনহার সামনেও, তিনিও বল জালে জড়াতে পারেননি।

অবশেষে ৩০ মিনিটে ডেডলক ভাঙ্গেন ইয়ামাল। গোল কিকে ডি-বক্সে বল পান লোপেস। তাকে মন্থরভাবে এগোতে দেখে দ্রুত ছুটে আসেন ইয়ামাল। লম্বা শটে বিপদমুক্ত না করে তরুণ ফরোয়ার্ডকে কাটাতে গিয়ে তালগোল পাকান অভিজ্ঞ ডিফেন্ডার। বল কেড়ে নেয়ার পর ঠাণ্ডা মাথায় জাল খুঁজে নেন ইয়ামাল।

ছয় মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন এই 'ওয়ান্ডার কিড'। রাফিনিয়ার ফ্রি কিকে বল ডি-বক্সে লেভানদোভস্কির পায়ে লেগে পেয়ে যান ইয়ামাল। ছুটে গিয়ে বুলেট গতির শটে গোলটি করেন তিনি। জটলার মধ্যে বল দেখার তেমন কোনো সুযোগই পাননি জিরোনা গোলরক্ষক।

বিরতির পর নেমেই বার্সেলোনাকে তৃতীয় গোল এনে দেন দানি ওলমো। জিউলেস কুন্দের বাড়ানো বলকে জালে পাঠান স্পেন তারকা। ৬৪ মিনিটে চতুর্থ গোলটি করেন পেদ্রি। মার্ক ক্যাসাদোর সহায়তায় বল জালে পাঠান এই স্প্যানিশ তারকা।

৮০ মিনিটে ম্যাচে নিজেদের একমাত্র গোলের দেখা পায় জিরোনা। পর্তুর বাড়ানো বলে বার্সা রক্ষণকে পরাস্ত করেন স্টুয়ানি। ৮৬ মিনিটে লাল কার্ড দেখতে হয় বার্সার ফেররান টরেসকে। জিরোনার ইয়াসির অ্যাসপ্রিলাকে ফাউল করায় তাকে কার্ড দেখানো হয়। ১০ জনের দলে পরিণত হলেও ৪-১ ব্যবধানে মাঠ ছাড়ে ফ্লিকের দল।

টানা পাঁচ জয়ে ১৫ পয়েন্ট নিয়ে লা লিগায় চূড়ায় আছে বার্সেলোনা। ১১ করে পয়েন্ট নিয়ে পরের দু'টি স্থানে রিয়াল মাদ্রিদ ও ভিয়ারিয়াল

# টাইগারদের নিয়ে যা বললেন সৌরভ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য পাকিস্তানের মাটিতে দুই ম্যাচের টেস্ট সিরিজ ২-০ ব্যবধানে জিতেছে বাংলাদেশ। ঐতিহাসিক সিরিজ জয়ের পরই নতুন করে আলোচনায় টাইগাররা। ফলে ভারতও নড়েচড়ে বসেছে। আসন্ন সফর ঘিরে তারা টাইগারদের সমীহ করে কথা বলছে।

চলতি সপ্তাহেই ভারতের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ শুরু। আসন্ন সিরিজটি বাংলাদেশের জন্য সহজ হবে না বলে মনে করেন ভারতের সাবেক অধিনায়ক সৌরভ গাঙ্গুলী। তার মতে, পাকিস্তানের বিপক্ষে সিরিজ জিতলেও ভারতের সামনে কঠিন চ্যালেঞ্জের মুখে পড়তে হবে বাংলাদেশকে। কারন পাকিস্তান ও ভারত দলের মধ্যে পার্থক্য আছে।

বাংলাদেশ-ভারত টেস্ট সিরিজ নিয়ে গাঙ্গুলী বলেন, 'ভারতের বিপক্ষে বাংলাদেশের লড়াই সহজ হবে না। বাংলাদেশকে সম্পূর্ণ সমীহ করেই বলছি, বর্তমানে পাকিস্তান আর ভারত এক রকম দল নয়। দু'দলের মধ্যে পার্থক্য আছে। ভারতকে শুধু নিজেদের দেশেই নয়, বিদেশেও খেলা কঠিন।'

তিনি আরও বলেন, 'পাকিস্তানের বিপক্ষে সিরিজ জয়ে আত্মবিশ্বসী বাংলাদেশ। কিন্তু ভারতের বর্তমান দলটি অনেক বেশি শক্তিশালী। তারপরও বাংলাদেশের বিপক্ষে সেরা প্রস্তুতি নিতে হবে ভারতকে।'

চেন্নাইয়ে সিরিজের প্রথম টেস্ট খেলতে নামবে বাংলাদেশ-ভারত। চেন্নাইয়ের উইকেট নিয়ে জল্পনা-কল্পনা শুরু হয়ে গিয়েছে। সাধারণত ঘরের মাঠের সিরিজে স্পিন সহায়ক উইকেটেই তৈরি করে ভারত। সৌরভ জানান, 'চেন্নাইয়ের পিচ কেমন হবে জানি না। তবে ওখানকার পিচে সাধারণত বল ভালই টার্ন করে। বোলাররা দারুণ পারফরমেন্স করে। সর্বশেষ সিরিজগুলোতে স্পিনের বিপক্ষে ভালোই খেলেছে ভারতের ব্যাটাররা। আশা করি ভারতের জন্য অসুবিধা হবে না।'

এখন পর্যন্ত ভারতের মাটিতে ৩টি টেস্ট খেলেছে বাংলাদেশ। সবগুলোতেই হেরেছে তারা। ২০১৭ সালে একমাত্র টেস্টে হায়দারাবাদে ২০৮ রানে, ২০১৯ সালে দুই টেস্টের মধ্যে ইন্দোরের ম্যাচে ইনিংস ও ১৩০ রানে এবং কলকাতা ইডেন গার্ডেন্সে গোলাপি বলে ইনিংস ও ৪৬ রানে হারের লজ্জা পায় টাইগাররা।

## বাটলারের জায়গায়
# নেতৃত্বে ব্রুক, দলে লিভিংস্টোন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোট থেকে পুরোপুরি সেরে না ওঠায় ছিলেন না টি-টোয়েন্টি দলে। শঙ্কা সত্যি করে অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে সিরিজেও নিয়মিত অধিনায়ক জস বাটলারকে পাচ্ছে না ইংল্যান্ড। তার জায়গায় এই সিরিজে দলকে নেতৃত্ব দিবেন হ্যারি ব্রুক।

ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে সিরিজের দল আগেই ঘোষণা করে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। রোববার বাটলারকে না পাওয়ার কথা নিশ্চিত করে তারা।

গত জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপে সেমি-ফাইনালে ভারতের বিপক্ষে হারের পর থেকেই মাঠের বাইরে আছেন বাটলার। পরের মাসেই দা হান্ড্রেডের জন্য প্রস্তুতির সময় পায়ের পেশিতে চোট পান তিনি। তার অনুপস্থিতিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে নেতৃত্বে ছিলেন ফিল সল্ট। তিন ম্যাচের সিরিজটি ১-১ সমতায় শেষ হয়।

বাটলারের চোটে কপাল খুলেছে লাইম লিভিংস্টোনের। অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের প্রথম দুই ম্যাচে দুর্দান্ত খেলে এই অলরাউন্ডার জায়গা করে নিয়েছেন ওয়ানডে দলেও। ৯ মাস পর এই সংস্করণে দেশের প্রতিনিধিত্ব করার হাতছানি তার সামনে।

শ্রীলঙ্কার বিপক্ষে ওভালে অভিষেক টেস্টে পেশিতে চোট পেয়ে ছিটকে গেছেন জশ হালও। এই পেসারকে অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে সিরিজের দলে রেখেছিল ইংল্যান্ড।

এর আগে বিভিন্ন পর্যায়ে দলকে নেতৃত্ব দেওয়ার অভিজ্ঞতা আছে ব্রুকের। তবে এবারই প্রথম নেতৃত্ব দিতে যাচ্ছেন জাতীয় দলকে।

সিরিজের বাকি চার ম্যাচ ২১, ২৪, ২৭ ও ২৯ সেপ্টেম্বর।

ইংল্যান্ড ওয়ানডে দল: হ্যারি ব্রুক (অধিনায়ক), জফ্রা আর্চার, জ্যাকব বেথেল, ব্রাইডন কার্স, জর্ডান কক্স, বেন ডাকেট, উইল জ্যাকস, লিয়াম লিভিংস্টোন, ম্যাথু পটস, আদিল রাশিদ, ফিল সল্ট, জেমি স্মিথ, অলি স্টোন, রিস টপলি, জন টার্নার।

# ৫৫ বছর পর নটিংহ্যামের অ্যানফিল্ড জয়
## ইউনাইটেডে স্বস্তি, হালান্ডে সওয়ার সিটি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সুযোগ এসেছিল অসংখ্য, কিন্তু সেগুলো কাজে লাগাতে পারেননি মোহামেদ সালাহ, লুইস দিয়াস, দারউইন নুনেসরা। উল্টো খেলার ধারার বিপরীতে জালের দেখা পেল নটিংহ্যাম ফরেস্ট। রক্ষণে দারুণ দৃঢ়তায় দলটি সেই গোলের সৌজন্যে অ্যানফিল্ডে পেল চমক জাগানো জয়। গতপরশু রাতে প্রিমিয়ার লিগে লিভারপুলের বিপক্ষে ১-০ গোলে জিতেছে নটিংহ্যাম।

আসরে এই প্রথম গোল হজম করল আর্না সম্লটের দল। টানা তিন জয়ের পর পেল প্রথম হারের তেতো স্বাদ। অন্য দিকে নটিংহ্যাম পেল আসরে প্রথম জয়। ১৯৬৯ সালের পর অ্যানফিল্ডে লিভারপুলের বিপক্ষে নটিংহ্যামের প্রথম জয়ের নায়ক ক্যালাম হাডসন-ওডোই। দ্বিতীয়ার্ধে প্রতি আক্রমণ থেকে দুর্দান্ত ফিনিশিংয়ে জাল খুঁজে নেন তিনি।

একই রাতে প্রতিপক্ষের বুকে আঘাত হানার মোক্ষম সুযোগ পেয়েও কাজে লাগাতে পারল না সাউদাম্পটন। ওখান থেকে বেঁচে গিয়ে দারুণভাবে নিজেদের মেলে ধরল ম্যানচেস্টার ইউনাইটেড। ছয় মিনিটের মধ্যে দু'বার জালে বল পাঠিয়ে নিয়ন্ত্রণ নেয় তারা। বাকিটা সময় দাপট ধরে রেখে স্বস্তির জয় তুলে নিল এরিক টেন হাগের দল। প্রতিপক্ষের মাঠে লিগের ম্যাচটি ৩-০ গোলে জিতেছে ইউনাইটেড। মাটাইস ডি লিখট দলকে এগিয়ে নেওয়ার পর ব্যবধান বাড়িয়েছেন মার্কাস র‍্যাশফোর্ড। শেষ দিকে ১০ জন নিয়ে খেলা সাউদাম্পটনের জালে তৃতীয় গোলটি করেছেন আলেহান্দ্রো গার্নাচো। ফুলহ্যামকে ১-০ গোলে হারিয়ে আসর শুরুর পরের দুই ম্যাচে ব্রাইটন ও লিভারপুলের বিপক্ষে হেরে বসে ইউনাইটেড। তাতে শুরু হয় সমালোচনার ঢেউ। জোড়া পরাজয়ের ধাক্কা সামলে সাফল্যের পথে ফেরার আভাস দিল টেন হাগের দল।

এদিকে, ইতিহাদের গ্যালারির দর্শকরা নড়েচড়ে বসছিলেন কেবল। এর মধ্যেই ম্যানচেস্টার সিটির জালে বল! ওই ধাক্কা সামলে ব্রেন্টফোর্ডের বিপক্ষে দারুণভাবে ঘুরে দাঁড়াল পেপ গুয়ার্দিওলার দল। টানা দুই হ্যাটট্রিকের পর এবার জোড়া গোলের আলো ছড়ালেন আর্লিং হলান্ড। প্রিমিয়ার লিগে জয়ের ধারা ধরে রাখল তারা। ঘরের মাঠে ম্যাচটি ২-১ গোলে জিতেছে গত চার আসরের চ্যাম্পিয়ন সিটি। ইয়োয়ান উইসা শুরুতে ব্রেন্টফোর্ডকে এগিয়ে নেওয়ার পর প্রথমার্ধেই দুটি গোল করেন হলান্ড।

সিটির জার্সিতে শুরু থেকেই গোলমেশিন হয়ে উঠেছেন হলান্ড। দলটির জার্সিতে সব প্রতিযোগিতা মিলিয়ে ১০৩ ম্যাচে তার গোল হলো ৯৯টি; এর ৭২টি প্রিমিয়ার লিগে, ৭০ ম্যাচে। শুধু তাই নয়, প্রিমিয়ার লিগের ইতিহাসে মৌসুমের প্রথম চার ম্যাচে সবচেয়ে বেশি গোল (৯) করার রেকর্ড গড়েছেন ২৪ বছর বয়সী হলান্ড। আগের রেকর্ড ছিল ওয়েইন রুনির, ২০১১-১২ মৌসুমে ম্যানইউর হয়ে প্রথম চার ম্যাচে ৮ গোল করেছিলেন তিনি।

চলতি আসরে প্রথম চার ম্যাচের সবগুলোই জিতল সিটি। ১২ পয়েন্ট নিয়ে সবার ওপরে আছে তারা। ৪ ম্যাচে তিন জয়ে ৯ পয়েন্ট নিয়ে দুই নম্বরে আছে লিভারপুল। ৮ পয়েন্ট নিয়ে আপাতত চারে উঠে এসেছে নটিংহ্যাম। চার ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে আপাতত অষ্টম স্থানে উঠেছে ইউনাইটেড।

# আইএসএলে খাতা খুলল মহমেডান,
## ২ মিনিটের জন্য ২ পয়েন্ট হাতছাড়া!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতা ফুটবলে ইতিহাস। বাংলা ফুটবলে উচ্ছ্বাসের রাত। এ মরসুমেই ইন্ডিয়ান সুপার লিগে খেলার যোগ্যতা অর্জন করেছে মহমেডান স্পোর্টিং। মোহনবাগান, ইস্টবেঙ্গলের পর দেশের শীর্ষ সারির লিগে মহমেডানের অন্তর্ভূক্তি বাংলা ফুটবলের জন্য দুর্দান্ত খবর বয়ে এনেছিল। আইএসএল অভিষেকে প্রথম ম্যাচে ডুরান্ড কাপ চ্যাম্পিয়ন নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে নেমেছিল মহমেডান স্পোর্টিং। ভালো ফুটবল খেললেও স্নায়ুর চাপ সামলাতে পারেনি। ইনজুরি টাইমে গোল খেয়ে হার দিয়ে অভিযান শুরু হয়েছিল। এ দিন এফসি গোয়ার বিরুদ্ধে এগিয়ে থেকেও ড্র। এই ম্যাচেও গোল ইনজুরি টাইমেই।

ম্যাচের ৬৬ মিনিটে পেনাল্টি থেকে গোল করেন অ্যালেক্সিস গোমেজ। ইন্ডিয়ান সুপার লিগে গোলের খাতা খোলে অভিষেককারী মহমেডান স্পোর্টিং। ক্লাবের ইতিহাসে আইএসএলের প্রথম স্কোরার হিসেবে নাম লেখান ১০ নম্বর জার্সির অ্যালেক্সিস। এফসি গোয়ার অভিজ্ঞ গোলকিপার কাট্টিমানির বিরুদ্ধে পেনাল্টি নেওয়া সহজ ছিল না। মাথা ঠান্ডা রেখে পেনাল্টি কিক অ্যালেক্সিসের। গ্যালারিতে উচ্ছ্বাস। ৭০ মিনিট অবধি আধডজন শট টার্গেটে রেখেছিল মহমেডান স্পোর্টিং। যার মধ্যে একটি গোল।

একটি গোল পাওয়ার পর আরও আত্মবিশ্বাসী ফুটবল মহমেডানের। অল্পের জন্য স্কোরশিটে আরও একটি গোল যোগ করতে পারেনি সাদা-কালো ব্রিগেড। ৬টি শট সেভ করেছেন এফসি গোয়া গোলরক্ষক কাট্টিমানি। এর থেকেই যেন পরিষ্কার ধারনা করা যায়, মহমেডান স্পোর্টিং আক্রমণ ভাগ কতটা মরিয়া চেষ্টা করেছে।

# তৃতীয় দিন শেষে ৩৫৬ রানে পিছিয়ে বাংলাদেশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাঠে আলো স্বল্পতার কারণে চেন্নাই টেস্টের পুরো সময়টা খেলা যায়নি। একদিক থেকে আলো কমে আসা টাইগারদের জন্য আশীর্বাদ হয়েই এসেছে। প্রথম ইনিংসে সুবিধা করতে না পারা টাইগারর ব্যাটাররা নিজেদের দ্বিতীয় ইনিংসেও নড়বড়ে। দিন শেষে ৪ উইকেট হারিয়ে বাংলাদেশের সংগ্রহ ১৫৮ রান। জয়ের জন্য প্রয়োজন আরও ৩৫৭। হাতে আছে আরও দুই দিন এবং ৬ উইকেট। শান্ত ৫১ রানে ও সাকিব ৫ রানে অপরাজিত আছেন। এর আগে ভারতের দেয়া ৫১৫ রানের টার্গেটে ব্যাট করতে নেমে দ্বিতীয় ইনিংসে দুর্দান্ত শুরু করেন সাদমান ও জাকির। ওয়ানডে মেজাজে ব্যাটিং করে চা বিরতির আগে ১৩ ওভারে জাকির-সাদমান মিলে স্কোরবোর্ডে তুলে ফেলেন ৫৬ রান। ভারতের মাটিতে প্রথমবারের মতো ওপেনিং জুটিতে পঞ্চাশোর্ধ্ব রান করল বাংলাদেশ দল। এ ছাড়া সব মিলিয়ে ওপেনিং জুটিতে এটি তৃতীয় পঞ্চাশোর্ধ্ব জুটি।

কিন্তু ইনিংসের ১৭তম ওভারে দলীয় ৬২ রানে জাসপ্রিত বুমরাহর শিকার হন জাকির হাসান (৩৩)। এর আগে তৃতীয় দিনের শুরু থেকেই বাংলাদেশের ওপর চড়াও হন ভারতের দুই ব্যাটার রিশভ পান্ত এবং শুভমান গিল। প্রথম ভারতীয় ব্যাটার হিসেবে বাংলাদেশের বিপক্ষে প্রথম ইনিংসে শূন্য করে আউট হওয়ার পরের ইনিংসে ১০০ করেছেন গিল। আর পান্তের সেঞ্চুরি এসেছে দেড় বছরের বিরতি দিয়ে ফিরে আসার প্রথম ম্যাচেই।

শেষ পর্যন্ত ভারত ইনিংস ডিক্লেয়ার করে ২৮৭ রানে। তাতেই বাংলাদেশের সামনে টার্গেট হয় ৫১৫ রান।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR